

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.০০১.১৯. (২২)

তারিখঃ ০৪/০১/২০২১খ্রিঃ


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির নীতি নির্ধারনী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য হতে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ নির্ধারিত ৮.০০% হতে ৫.৭৫% এর বিভাজন/হিস্যা কর্মচারী ভিত্তিক পুন নির্ধারণ করে স্মারক নং- ৪২.৬২.০০ ০০.৯৬৬.০০.০০১.১৯.২৪৪, তারিখঃ ০৩/০১/২০২১খ্রিঃ মূলে পত্র জারী করা হয়। কোন মাঠসংগঠকের বদলী/ছুটি/যেকোন প্রকার অনুপস্থিতির কারণে আদায়কৃত সেবামূল্য ৮% হতে ৫.৭৫% এর কর্মচারী ভিত্তিক হিস্যা/বিভাজনজনিত অস্পষ্টতা দূরীকরণে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১। কোন উপজেলায় ০২ মাঠসংগঠক কর্মরত থাকলে এবং এআরডিও/হিসাব সহকারী সরাসরি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের সাথে জড়িত থাকলে সেক্ষেত্রে কর্মচারী ভিত্তিক হিস্যা/বিভাজন উল্লেখিত স্মারকমূলে জারীকৃত পত্রের ক্রমিক নং-০১ এ বর্ণিত জনবল কাঠামো অনুযায়ী মাঠসংগঠকদের হিস্যা নির্ধারিত হবে।

২। কোন উপজেলায় ০২ মাঠসংগঠক কর্মরত থাকলে এবং এআরডিও/হিসাব সহকারী সরাসরি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের সাথে জড়িত না থাকলে সেক্ষেত্রে কর্মচারী ভিত্তিক হিস্যা/বিভাজন উল্লেখিত স্মারকমূলে জারীকৃত পত্রের ক্রমিক নং-০২ এ বর্ণিত জনবল কাঠামো অনুযায়ী মাঠসংগঠকদের হিস্যা নির্ধারিত হবে।

৩। কর্মসূচির স্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ ---- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।